নড়াইলে ভাইস চেয়ারম্যানের হামলায় ট্রাফিক সার্জেন্টসহ আহত ৪

নড়াইল ট্রাফিক পুলিশের ইন্সপেক্টর মোঃ মনিরুজ্জামানসহ ৪জনকে পিটিয়ে আহত করেছে নড়াইল সদর উপজেলা ভাইস চেয়ারম্যান তোফায়েল মাহমুদ তুফানসহ তার কয়েক সহযোগি। এ ঘটনায় ৯জনের বিরুদ্ধে সদর থানায় মামলা হয়েছে।

পুলিশ ঘটনার দিনই তুফানসহ তিন জনকে গ্রেফতার করে সোমবার আদালতে চালান দেয়। মামলার তদন্ত কর্মকর্তা আসামিদের বিরুদ্ধে ৭ দিনের রিমান্ড আবেদন করলে নড়াইল সদর আমলি আদালতের বিচারক সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মোঃ জাহিদুল আজাদ মঙ্গলবার ও রিমান্ড শুনানির দিন ধার্য করেন। আহত ট্রাফিক ইন্সপেক্টর সদর হাসপাতালে চিকিৎসাধীন।

জানা গেছে, রোববার সন্ধ্যার দিকে নড়াইল পুরাতন বাস টার্মিনাল এলাকায় ট্রাফিক পুলিশ এক মটরসাইকেল চালককে আটক করে। এ সময় সদর উপজেলা ভাইস চেয়ারম্যান ও জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তোফায়েল মাহমুদ তুফান ট্রাফিক পুলিশকে ফোন করে গাড়িটি ছাড়তে বললে গাড়ি না ছাড়ায় তুফান দলবল নিয়ে ট্রাফিক পুলিশের উপর হামলা চালায়। এ ঘটনায় ট্রাফিক পুলিশের ইন্সপেক্টর (প্রশাসন) মো.মনিরুজ্জামান, ট্রাফিক সার্জেন্ট শাহ জালাল, টিএস.আই সরোয়ার আলম এবং কনষ্টবল নজরুল আহত হন।

মামলার তদন্ত কর্মকর্তা এস.আই রজত কুমার মন্ডল জানান, সরকারি কাজে বাঁধা প্রদান এবং সহিংস ঘটনায় জ্ঞাত ৯জন আসামিসহ অজ্ঞাতনামা ৫-৭ জনের বিরুদ্ধে সদর থানায় মামলা হয়েছে।
নড়াইল পুলিশ সুপার মোহাম্মদ জসিমউদ্দিন পিপিএম (বার) ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বিষয়টির আইনগতভাবে ব্যবস্থা নেওয়া হচ্ছে। এ ঘটনার সাথে জড়িত কাওকে ছাড় দেওয়া হবে না।